# রাষ্ট্রপতি মির্জা ফখরুলকে অভিনন্দন জানালেন চীনের রাষ্ট্রপতি



ছবি: সংগৃহীত

বাংলাদেশের নবনির্বাচিত রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে অভিনন্দন জানিয়েছেন চীনের রাষ্ট্রপতি শি জিনপিং। সোমবার (২৪ আগস্ট) পাঠানো এক বার্তায় তিনি বাংলাদেশের নতুন রাষ্ট্রপতিকে শুভেচ্ছা জানান।

অভিনন্দনবার্তায় বাংলাদেশ ও চীনের দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্কের কথা তুলে ধরেন শি জিনপিং। তিনি বলেন, কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার পর গত ৫১ বছরে দুই দেশ পারস্পরিক সম্মান ও সমতার ভিত্তিতে সম্পর্ক এগিয়ে নিয়েছে। একই সঙ্গে উভয় দেশ একে অপরের গুরুত্বপূর্ণ স্বার্থ ও উদ্বেগের বিষয়ে সহযোগিতা করে আসছে।

আন্তর্জাতিক পরিস্থিতির বিভিন্ন পরিবর্তনের মধ্যেও চীন-বাংলাদেশ সম্পর্কের স্থিতিশীলতা বজায় রয়েছে বলেও উল্লেখ করেন চীনের রাষ্ট্রপতি।

নতুন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে কাজ করে দুই দেশের ঐতিহ্যবাহী বন্ধুত্বকে আরও সুদৃঢ় করার আগ্রহ প্রকাশ করেন শি জিনপিং। পাশাপাশি কৌশলগত যোগাযোগ জোরদার, বেল্ট অ্যান্ড রোড উদ্যোগে উচ্চমানের সহযোগিতা সম্প্রসারণ এবং বিভিন্ন ক্ষেত্রে দ্বিপক্ষীয় সহযোগিতা বাড়ানোর ওপর গুরুত্ব দেন তিনি।

এসব উদ্যোগের মাধ্যমে নতুন যুগে চীন-বাংলাদেশের অভিন্ন ভবিষ্যৎভিত্তিক সম্পর্ক আরও গভীর হবে এবং দুই দেশের জনগণ এর সুফল ভোগ করবে বলে আশা প্রকাশ করেন শি।

এর আগে গত বৃহস্পতিবার বাংলাদেশে রাষ্ট্রপতি নির্বাচনের ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। নির্বাচনে বিএনপির প্রার্থী মির্জা ফখরুল ইসলাম আলমগীর ২৫৫ ভোট পেয়ে নির্বাচিত হন। তার প্রতিদ্বন্দ্বী ১১ দলীয় ঐক্যের প্রার্থী অলি আহমদ পান ৮৮ ভোট।

ফল ঘোষণার পর ঢাকায় চীনা দূতাবাসের পক্ষ থেকেও মির্জা ফখরুলকে অভিনন্দন জানানো হয়। একই সঙ্গে দুই দেশের সম্পর্ক আরও এগিয়ে নিতে চীনের আগ্রহের কথা জানানো হয় দূতাবাসের পক্ষ থেকে।